ঢাকা ওয়াসা

নথি অফিসঃ ঢাকা পানি সরবরাহ ও পয়ঃনিষ্কাশন কর্তৃপক্ষ (ঢাকা ওয়াসা)
নথি শাখাঃ এস ও সি বিভাগ
মুদ্রনকারীঃ ঢাকা পানি সরবরাহ ও পয়ঃনিষ্কাশন কর্তৃপক্ষ (ঢাকা ওয়াসা), এস ও সি বিভাগ

নথি নম্বর: **৪৬.০৫.০০০০.৪৪১.৩১.০০৫.২৪** নথির বিষয়: Repair, maintenance & services of Pick up no Dhaka Metro-THA-13-0428 and Pick up no Dhaka Metro- THA-11-5816 Under SOC Division.

নোট: ১ নোটের বিষয়: **Repair, maintenance & services of Pick up no Dhaka Metro-THA-13-0428 and Pick up no Dhaka Metro- THA-11-5816 Under SOC Division.**

অনুচ্ছেদ ১.০ - তারিখঃ ৯/৪/২৪ ২:৩৭ অপরাহ্ন

এস ও সি বিভাগ ঢাকা ওয়াসার কেন্দ্রীয় কন্ট্রোল রুম হিসেবে ২৪ (চব্বিশ) ঘন্টা খোলা রেখে কাজ করে যাচ্ছে। বিভিন্ন মড্স জোন ও পানি শোধনাগার সমূহের পানি উৎপাদন সহ প্রতিদিনের বিভিন্ন ধরনের তথ্যাদি (গাড়ি দ্বারা পানি সরবরাহের পরিমান, বিদ্যুৎ বিভ্রাট ইত্যাদি) উর্দ্ধতন কর্তৃপক্ষ বরাবর প্রেরণ করা হয়। তাছাড়া ঢাকা শহরের বিভিন্ন পানির পাম্পের ক্লোরিনেশন সিষ্টেম স্থাপন, মেরামত ও রক্ষনাবেক্ষন কাজ করতঃ বিশুদ্ধ পানি সরবরাহ নিশ্চিত করার কাজটি এস ও সি বিভাগের মাধ্যমেই সম্পন্ন হয়ে থাকে। ক্লোরিনেশন সিস্টেমের কাজ করার জন্য অত্র বিভাগে ০৪টি সিঙ্গেল কেবিন পিক-আপ বিদ্যমান। উক্ত গাড়িগুলো ক্লোরিনেশন সিষ্টেম স্থাপন, মেরামত ও রক্ষনাবেক্ষন কাজে সার্বক্ষণিক ভাবে ব্যবহৃত হয়। এরমধ্যে ঢাকা-মেট্রো-ঠ-১৩-০৪২৮ পিক-আপটি সাব-ডিভিশনঃ২ (মিরপুর অঞ্চল) এর কাজে নিয়োজিত। উক্ত পিক-আপটির ইলেকট্রিক্যাল সিস্টেম, বিভিন্ন লাইট, লক, বডি ডেন্টিং-পেইন্টিং এর কাজ করা প্রয়োজন। বহু দিনের পুরাতন হওয়ায় রং এবং ঢাকা ওয়াসা লোগো সম্বলিত লেখা সমূহ বিবর্ণ হয়ে গেছে। তাই জরুরী বিবেচনায় বর্ণিত গাড়িটির ইঞ্জিন ওভার হোলিংসহ যাবতীয় ত্রুটি মেরামত করতঃ ডেন্টিং-পেইন্টিং কাজ করা প্রয়োজন। এছাড়াও ঢাকা-মেট্রো-ঠ-১১-৫৮১৬ পিক-আপটি এস ও সি বিভাগ কম্পাউন্ডে থেকে বিভিন্ন মড্স জোনের ক্লোরিনেশন সিষ্টেম স্থাপন, মেরামত ও রক্ষণাবেক্ষণ কাজে নিয়োজিত। উক্ত পিক-আপটির ইলেকট্রিক্যাল সিস্টেম, ক্ল্যাচ সিস্টেম, সাসপেন্সন সিস্টেম সহ বিভিন্ন ত্রুটি দেখা দিয়েছে। তাই জরুরী বিবেচনায় বর্ণিত গাড়িটির যাবতীয় ত্রুটি মেরামত কাজ করা প্রয়োজন।

অনুচ্ছেদ ১.১ - তারিখঃ ৯/৪/২৪ ২:৩৮ অপরাহ্ন

উপরোক্ত বর্ণনার আলোকে, ঢাকা-মেট্রো-ঠ-১৩-০৪২৮ এবং ঢাকা-মেট্রো-ঠ-১১-৫৮১৬ পিক-আপ দুইটি সচল তথা এস ও সি বিভাগের আওতাধীন ক্লোরিনেশন সিষ্টেম এর নিয়মিত স্থাপন, মেরামত ও রক্ষনাবেক্ষন কাজ বজায় রাখার জন্য জরুরী বিবেচনায় বর্ণিত গাড়ি দুইটির যাবতীয় ত্রুটি মেরামত সহ ডেন্টিং-পেইন্টিং কাজ করা প্রয়োজন। এ জন্য ঠিকাদারি প্রতিষ্ঠান হতে কোটেশন সংগ্রহ করা হয়েছে। প্রাপ্ত কোটেশনের সর্বনিম্ন দরের ভিত্তিতে ভেহিকেল ম্যানেজমেন্ট সফটওয়্যার এর মাধ্যমে একটি প্রাক্কলন প্রস্তুত করা হল (সংযুক্ত ক্রমিক নং-০৩)। যাহাতে ঢাকা-মেট্রো-ঠ-১১-৫৮১৬ পিক-আপ বাবদ খরচের পরিমাণ এসেছে ৳ ২,৭৭,৯৭০/- (দুই লক্ষ সাতাত্তর হাজার নয়শত সত্তর মাত্র) টাকা এবং ঢাকা-মেট্রো-ঠ-১৩-০৪২৮ পিক-আপ বাবদ খরচের পরিমাণ এসেছে ৳ ২,১৯,১২০/- (দুই লক্ষ উনিশ হাজার একশত বিশ মাত্র) টাকা অর্থাৎ সর্বমোট (২,৭৭,৯৭০+ ২,১৯,১২০) = ৳ ৪,৯৭,০৯০/- (চার লক্ষ সাতানব্বই হাজার নব্বই মাত্র) টাকা । আলোচ্য কাজটির ব্যয় এস ও সি বিভাগের ২০২৩-২৪ অর্থবছরের সংশোধিত বাজেটে যানবাহন খাত (কোড নং-০১-০৪-০১৭) এর অন্তর্ভুক্ত এবং এস ও সি বিভাগের ২০২৩-২৪ অর্থ বছরের সংশোধতি বার্ষিক ক্রয় পরিকল্পনার ক্রমিক নং V-4 হতে নির্বাহ করা যেতে পারে।

সংযুক্তিসমূহ (৪):

১। Budget 23-24, 24-25.pdf
২। RAPP copy.pdf
৩। Quotations.pdf
৪। Estimate.pdf

অনুচ্ছেদ ১.২ - তারিখঃ ৯/৪/২৪ ২:৩৯ অপরাহ্ন

এমতাবস্থায়, কর্তৃপক্ষের কাজের স্বার্থে, Repair, maintenance & services of Pick up no Dhaka Metro-THA-13-0428 and Pick up no Dhaka Metro-THA-11-5816 Under SOC Division শীর্ষক কাজটির জন্য উপস্থাপিত প্রাক্কলন ৳ ৪,৯৭,০৯০/- (চার লক্ষ সাতানব্বই হাজার নব্বই মাত্র) টাকার প্রাক্কলনের আর্থিক,কারিগরি ও প্রশাসনিক অনুমোদনসহ পিপিএ-২০০৬ এবং পিপিআর-২০০৮ বিধি ৬১ (১) মোতাবেক উন্মুক্ত দরপত্র (OTM) e-GP পদ্ধতিতে সম্পন্ন করার লক্ষ্যে সদয় অনুমোদনের জন্য উপস্থাপন করা হল।

৯/৪/২৪ ২:৪০ অপরাহ্ন	৯/৪/২৪ ৩:৫৯ অপরাহ্ন	৯/৪/২৪ ৪:০৬ অপরাহ্ন	১৬/৪/২৪ ১১:৩৬ পূর্বাহ্ন
মুহাম্মদ মাহবুব আলম আল- আজাদ	মোহাম্মদ আইয়ুব খান	মোঃ নওশাদ আলম	মোঃ ইকবাল আহমেদ মজুমদার
উপ-সহকারী প্রকৌশলী	সহকারী প্রকৌশলী	নির্বাহী প্রকৌশলী (চলতি দায়িত্ব)	তত্ত্বাবধায়ক প্রকৌশলী (চলতি দায়িত্ব)
এস ও সি বিভাগ	এস ও সি বিভাগ	এস ও সি বিভাগ	এস এম ডব্লিউ সি সার্কেল

১৬/৪/২৪ ১১:৩৬ পূর্বাহ্ন
মুস্তাফিজুর রহমান
প্রধান প্রকৌশলী (অতিরিক্ত দায়িত্ব)
প্রধান প্রকৌশলী (পরিচলন ও রক্ষণাবেক্ষণ)

অনুচ্ছেদ ১.৩ - তারিখঃ ১৭/৪/২৪ ১২:৪৩ পূর্বাহ্ন

For review please

১৭/৪/২৪ ১২:৪৪ পূর্বাহ্ন মুস্তাফিজুর রহমান প্রধান প্রকৌশলী (অতিরিক্ত দায়িত্ব) প্রধান প্রকৌশলী (পরিচলন ও রক্ষণাবেক্ষণ)	১৭/৪/২৪ ১২:৪৪ পূর্বাহ্ন মোঃ আনিছুর রহমান মন্ডল ট্রান্সপোর্ট অফিসার ট্রান্সপোর্ট পুল

অনুচ্ছেদ ১.৪ - তারিখঃ ১২/৫/২৪ ৬:০৩ অপরাহ্ন

অনুচ্ছেদ নং ১.১ এর প্রাক্কলনটি যানবাহন টেকনিক্যাল কমিটি কর্তৃক পরীক্ষা নিরীক্ষা করা হইল। বর্তমান বাজার দরের আলোকে প্রাক্কলনটি সংশোধন করা হইল । সংশোধিত প্রাক্কলনে টাকার পরিমান সর্বমোট =৩,৭৯,৭৪০/-(তিন লক্ষ উনুআশি হাজার সাতশত চল্লিশ) টাকা মাত্র। যাহা সদয় অনুমোদনের নিমিত্তে টেকনিক্যাল কমিটি কর্তৃক সুপারিশ করা হইল।

১২/৫/২৪ ৬:২৮ অপরাহ্ন মোঃ আনিছুর রহমান মন্ডল ট্রান্সপোর্ট অফিসার ট্রান্সপোর্ট পুল	১৫/৫/২৪ ১২:৩৩ অপরাহ্ন সাঈদ শাহ্রিয়ার হোসাইনী নির্বাহী প্রকৌশলী (চলতি দায়িত্ব) পি এন্ড ডি (তড়িৎ ও যান্ত্রিক) বিভাগ	১৫/৫/২৪ ১২:৩৩ অপরাহ্ন মুস্তাফিজুর রহমান প্রধান প্রকৌশলী (অতিরিক্ত দায়িত্ব) প্রধান প্রকৌশলী (পরিচলন ও রক্ষণাবেক্ষণ)

সংযুক্তিসমূহ (১):

১। সংশোদিত প্রাক্কলন.

অনুচ্ছেদ ১.৫ - তারিখঃ ১৫/৫/২৪ ১২:৩৬ অপরাহ্ন

Okay

১৫/৫/২৪ ১২:৩৬ অপরাহ্ন মুস্তাফিজুর রহমান প্রধান প্রকৌশলী (অতিরিক্ত দায়িত্ব) প্রধান প্রকৌশলী (পরিচলন ও রক্ষণাবেক্ষণ)	১৬/৫/২৪ ১১:২৩ পূর্বাহ্ন মোঃ ইকবাল আহমেদ মজুমদার তত্ত্বাবধায়ক প্রকৌশলী (চলতি দায়িত্ব) এস এম ডব্লিউ সি সার্কেল	১৬/৫/২৪ ১১:২৩ পূর্বাহ্ন মোঃ নওশাদ আলম নির্বাহী প্রকৌশলী (চলতি দায়িত্ব) এস ও সি বিভাগ

অনুচ্ছেদ ১.৬ - তারিখঃ ১৬/৫/২৪ ১২:১৩ অপরাহ্ন

দরপত্র আহবানের ব্যবস্থা নিবেন।

১৬/৫/২৪ ১২:১৪ অপরাহ্ন মোঃ নওশাদ আলম নির্বাহী প্রকৌশলী (চলতি দায়িত্ব) এস ও সি বিভাগ	১৬/৫/২৪ ৫:০০ অপরাহ্ন মোহাম্মদ আইয়ুব খান সহকারী প্রকৌশলী এস ও সি বিভাগ	১৬/৫/২৪ ৫:০০ অপরাহ্ন মুহাম্মদ মাহবুব আলম আল- আজাদ উপ-সহকারী প্রকৌশলী এস ও সি বিভাগ